

নৈতিকতা বিষয়ক সভা

সভাপতি : ডাঃ বিষ্ণুপদ বিশ্বাস, ইউএলও, পাইকগাছা, খুলনা।

স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, প্রশিক্ষণ হল রুম।

তারিখ : ১৫/১২/২০২২ইং

সময় : সকাল ১১.০০ ঘটিকায়

সভায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভায় উপস্থিত সকল সদস্যদের নাম পদবীসহ স্বাক্ষর পরিশিষ্ট 'ক' তে দেওয়া হল।

সভায় সভাপতি মহোদয় উপ-সহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা জনাব তরিকুল ইসলামকে পূর্বের মিটিং এর সিদ্ধান্ত সম্পর্কে কিছু বলতে বলেন। তিনি বলেন পূর্বের মিটিংএর আলোচনার আলোকে সিদ্ধান্ত সমূহ বাস্তবায়িত হচ্ছে। তিনি বলেন উক্ত মিটিংএর পরে সকল সদস্যবৃন্দ যথাসময়ে অফিসে উপস্থিত হচ্ছেন এবং যথাসময়ে অফিস ত্যাগ করছেন।

তিনি আরো বলেন সকলে যার যে কাজ যথাসময়ে পালন করছেন। সেবা মূল্যের বাহিরে কেহ কোন টাকা নিচ্ছেন না। অর্থাৎ সকলে আন্তরিকতার সাথে সেবা প্রদান করে যাচ্ছেন। পূর্বের সিদ্ধান্ত যথাযথভাবে পালিত হচ্ছে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ডাঃ বিষ্ণুপদ বিশ্বাস
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
পাইকগাছা, খুলনা।